দৈনিক ইনকিলাব

তারিখ ... 14 JAN 2007 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২ ...

22 জানুয়ারি

ঢাবি এখন প্রাণচঞ্চল

৬১ দিন পর অচল হলো ক্যাম্পাস সর্বত্রে উৎসব আমেজ

শাহজাহান শুভ ঃ দীর্ঘদিন পর আবারো প্রাণচাঞ্চল্য ফিরে এসেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ে। জরুরি অবস্থা জারির কারণে দেশের এ শ্রেষ্ঠ বিদ্যাপীঠের অচলাবস্থা নিরসন হয়েছে। প্রথম দিনে গতকাল (শনিবার) কোন ক্লাস না হলেও ঐতিহ্যবাহী মধুর ক্যান্টিনসহ পুরো বিশ্ববিদ্যালয়ে ছিল উৎসবের আমেজ। এদিকে বিশ্ববিদ্যালয়ের ক্লাস, পরীক্ষা, সহাবস্থান এবং আইন-শৃঙ্খলা নিয়ে একাধিক বৈঠক করে গতকাল বেশ কিছু সিদ্ধান্ত গ্রহণ করেছে কর্তৃপক্ষ। ৫৩ দিনের ছাত্র ধর্মঘটসহ ৮১ দিন বন্ধ থাকার পর গতকাল থেকে আবারো সচল হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়। প্রথম দিনে কোন ক্লাস বা পরীক্ষা অনুষ্ঠিত না হলেও ছাত্র-শিক্ষকদের পদভারে মুখরিত ছিল গোটা ক্যাম্পাস। ছাত্র সংগ্রাম পরিষদের ডাকা ধর্মঘট প্রত্যাহার না করলেও জরুরি অবস্থার কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসন হয়েছে। তাই গতকাল সকাল থেকেই ছাত্রদলের পাশাপাশি ছাত্র সংগ্রাম পরিষদের নেতা-কর্মীরা মধুর ক্যান্টিনে ভিড় জমায়। ফলে মধুর ক্যান্টিনকে কেন্দ্র করে উৎসবের আমেজ ছড়িয়ে পড়ে গোটা ক্যাম্পাসে। পাশাপাশি টেবিলে বসে মধুর ক্যান্টিনে নেতা-কর্মীদের সঙ্গে মতবিনিময় করেছেন প্রধান দুই ছাত্র সংগঠন। এমনকি দুই সংগঠনের নেতা-কর্মীদের পরস্পরের মধ্যে শুভেচ্ছা বিনিময় করতেও দেখা যায়। অনেকদিন পর ক্যাম্পাসে এসে স্বস্তি প্রকাশ করেছেন শিক্ষার্থীরা।

এদিকে ক্যাম্পাসে আধিপত্য বিস্তারের জের ধরে ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে চলে আসা স্নায়ুযুদ্ধের কারণে গতকাল ক্যাম্পাসে কোন সংঘাত সংঘর্ষ হতে পারে এ ধরনের আশঙ্কায় সকাল থেকেই মধুর ক্যান্টিনকে কেন্দ্র করে বিপুল সংখ্যক নিরাপত্তাকর্মী নিয়োগ করা হয়। বেলা সাড়ে ১১টার দিকে বিপুল সংখ্যক নেতা-কর্মী নিয়ে মধুর ক্যান্টিনে প্রবেশ করে। ছাত্রলীগ সভাপতি মাহমুদ হাসান রিপনসহ এ সময় অন্যান্যের মধ্যে ছিলেন সাধারণ সম্পাদক মাহফুজুল হাফদার চৌধুরী রোটন, সহ-সভাপতি আমিনুল হক কবির, এমদাদ হাওলাদার, যুগ্ম সম্পাদক জসিম উদ্দিন, ইকবাল মাহমুদ বাবলুসহ বিশ্ববিদ্যালয়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। ছাত্রদল নেতৃবৃন্দও যথারীতি মধুর ক্যান্টিনে উপস্থিত ছিলেন। তবে গতকাল তাদের উপস্থিতি ছিল অনেক কম। কেন্দ্রীয় নেতা আমিরুল ইসলাম খান আলিম, ওমর ফারুক সাফিন, বিশ্ববিদ্যালয়ের সভাপতি হাসান মামুন, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম ফিরোজ ছাড়া তেমন কেউ ক্যাম্পাসে ছিলেন না। আবাসিক হলগুলোতে ইতোমধ্যে সহাবস্থান নিশ্চিত হয়েছে। বাইরে থাকা ছাত্র সংগ্রাম পরিষদের নেতৃবৃন্দ গতকাল হলে উঠেছে। এমনকি হলের গেস্টরুমেও তাদের আড্ডা দিতে দেখা গেছে। ছাত্র সংগ্রাম পরিষদ ধর্মঘট প্রত্যাহার না করলেও আজ সংবাদ সম্মেলনের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে প্রত্যাহারের ঘোষণা দিতে পারে বলে জানা গেছে।

ইনকিলাব ঃ গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার পর মধুর ক্যান্টিনে ছাত্রলীগ, ছাত্রদলসহ ছাত্র নেতৃবৃন্দের ছিলো মিলনমেলা

বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষাসহ সকল পরীক্ষার তারিখ পুনঃনির্ধারণ করা হয়েছে। গতকাল বিশ্ববিদ্যালয়ের ভীনস কমিটির সভায় এ তারিখ নির্ধারণ করা হয়। নতুন সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২৬ জানুয়ারি বিজ্ঞান অনুষদভুক্ত 'ক' ইউনিটের মাধ্যমে ভর্তি পরীক্ষা শুরু হবে। এছাড়া আগামী ২ ফেব্রুয়ারি কলা অনুষদভুক্ত 'খ' ইউনিট, ১৬ ফেব্রুয়ারি বাণিজ্য অনুষদভুক্ত 'গ' ইউনিট এবং ৯ ফেব্রুয়ারি সামাজিক বিজ্ঞান ও বিভাগ পরিবর্তনকারী 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এছাড়া ১৮ জানুয়ারি থেকে পূর্বনির্ধারিত সময়সূচী অনুযায়ী বিভিন্ন বিভাগের পরীক্ষাসমূহ অনুষ্ঠিত হবে। ১৭ জানুয়ারি পর্যন্ত নির্ধারিত পরীক্ষাসমূহের তারিখ পরবর্তীতে ঘোষণা করা হবে বলে সিদ্ধান্ত হয়। বিশ্ববিদ্যালয়ের ভিসির সভাপতিত্বে বেলা পৌনে ১২টায় ভিসির কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। এরপর বিকাল ৩টায় বিশ্ববিদ্যালয়ের আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং হলগুলোতে সহাবস্থান নিয়ে আলোচনা করতে প্রভোস্ট কমিটির সভা অনুষ্ঠিত হয়। ভিসির সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আবাসিক হলগুলোতে আবাসিক ও দ্বৈতাবাসিক ছাড়া অন্যদের অবস্থানের ওপর বিধিনিষেধ আরোপ, সহাবস্থান নিশ্চিতকরণসহ বেশকিছু সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এছাড়া সভায় প্রায় ৫৭ দিন পর আজ থেকে বিশ্ববিদ্যালয়ের বাস চালুর সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এসএমএ ফায়েজ ছাড়াও প্রোভিসি প্রফেসর আ ফ ম ইউসুফ হায়দার, ট্রেজারার প্রফেসর সৈয়দ আবুল কালাম আজাদ, প্রক্টর প্রফেসর আকা ফিরোজ আহমেদ উপস্থিত ছিলেন।